মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন আইন, ১৯৯৯

<u>সূচী</u>

ধারাসমূহ

১। সংক্ষিপ্ত শিরোনামা
২। সংজ্ঞা
৩। জীবিত ব্যক্তির অঙ্গ-প্রত্যঙ্গ দান
৪। মৃত ব্যক্তির অঙ্গ-প্রত্যঙ্গ বিযুক্তকরণ
৫। ব্রেইন ডেথ ঘোষণা
৬। অঙ্গ-প্রত্যঙ্গ দাতা ও গ্রহীতার যোগ্যতা
৭। মেডিকেল বোর্ড
৮। রেজিস্টার
৯। অঙ্গ-প্রত্যঙ্গ ক্রয়-বিক্রয় ইত্যাদি নিষিদ্ধ
১০। দণ্ড
১১। বিধি প্রণয়নের ক্ষমতা

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন আইন, ১৯৯৯

১৯৯৯ সনের ৫ নং আইন

[১৩ এপ্রিল, ১৯৯৯]

মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজনের বিধান করার উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু মানবদেহে সংযোজনের নিমিত্তে অঙ্গ-প্রত্যঙ্গ সংগ্রহ, সংরক্ষণ ও উহার আইনানুগ ব্যবহার নিশ্চিত করার উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনামা

১। এই আইন মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন আইন, ১৯৯৯ নামে অভিহিত হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "অঙ্গ-প্রত্যঙ্গ" অর্থ মানবদেহের কিডনী, হৃৎপিণ্ড, যকৃত, অগ্ন্যাশয়, অস্থি, অস্থিমজ্জা, চক্ষু, চর্ম ও টিস্যুসহ মানবদেহে সংযোজনযোগ্য যে কোন অঙ্গ বা প্রত্যঙ্গ;

(খ) "আইনানুগ উত্তরাধিকারী" অর্থ স্বামী, স্ত্রী, প্রাপ্তবয়স্ক পুত্র ও কন্যা, পিতা, মাতা, প্রাপ্তবয়স্ক ভাই ও বোন এবং রক্ত সম্পর্কের অন্যান্য প্রাপ্তবয়স্ক আত্মীয়, তবে এই আইনের অধীন আইনানুগ উত্তরাধিকারীর ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে, প্রথমোল্লিখিত ব্যক্তিগণ ক্রমানুসারে তৎপরবর্তীতে উল্লিখিত ব্যক্তিগণের তুলনায় অগ্রাধিকার লাভ করিবেন;

(গ) "নিকট আত্মীয়" অর্থ পুত্র, কন্যা, পিতা, মাতা, ভাই, বোন ও রক্ত সম্পর্কিত আপন চাচা, ফুফু, মামা, খালা ও স্বামী-স্ত্রী;

(ঘ) "ব্রেইন ডেথ" অর্থ ধারা ৫ এর অধীন ঘোষিত ব্রেইন ডেথ ;

(ঙ) "মেডিকেল বোর্ড" অর্থ ধারা ৭ এর অধীন গঠিত মেডিকেল বোর্ড।

জীবিত ব্যক্তির অঙ্গ-প্রত্যঙ্গ দান

৩। সুস্থ ও সাধারণ জ্ঞানসম্পন্ন যে কোন ব্যক্তি তাহার দেহের এমন কোন অঙ্গ-প্রত্যঙ্গ যাহা বিযুক্তির কারণে তাহার স্বাভাবিক জীবন-যাপনে ব্যাঘাত সৃষ্টির আশংকা নাই তাহা তাহার কোন নিকট আত্মীয়ের দেহে সংযোজনের জন্য দান করিতে পারিবেন:

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত ব্যক্তিগণ তাহাদের দেহের কোন অঙ্গ-প্রত্যঙ্গ দান করিতে পারিবেন না, যথা:-

(ক) আঠার বৎসরের কম বয়স্ক ব্যক্তি, তবে রিজেনারেটিভ টিস্যুর ক্ষেত্রে যদি দাতা ও গ্রহীতা ভাই-বোন সম্পর্কের হন তাহা হইলে এই শর্ত কার্যকর হইবে না;

(খ) এইরূপ ব্যক্তি যাহার টিস্যু এইচ, বি, এস, এজি, এন্টি এইচ, সি, ভি, অথবা এইচ, আই, ভি পজেটিভ; এবং

(গ) মেডিকেল বোর্ড কর্তৃক এই ধারার উদ্দেশ্যে অঙ্গ-প্রত্যঙ্গ দান করার অযোগ্য বলিয়া ঘোষিত অন্য যে কোন ব্যক্তি।

মৃত ব্যক্তির অঙ্গ-প্রত্যঙ্গ বিযুক্তকরণ

৪। ধারা ৫ অনুসারে কোন ব্যক্তির ব্রেইন ডেথ ঘোষণার পর নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে তাহার দেহ হইতে অঙ্গ-প্রত্যঙ্গ অন্য কোন ব্যক্তির দেহে সংযোজনের উদ্দেশ্যে বিযুক্ত করা যাইবে, যথা:-

(ক) উক্ত ব্যক্তি যদি তাহার অঙ্গ-প্রত্যঙ্গ কাহারও দেহে সংযোজনের উদ্দেশ্যে উইল করিয়া থাকেন; অথবা

(খ) উক্তরূপ উইলের অবর্তমানে উক্ত ব্যক্তির ব্রেইন ডেথ ঘোষণার পর তাহার কোন আইনানুগ উত্তরাধিকারী যদি উক্ত ব্যক্তির দেহ হইতে অঙ্গ-প্রত্যঙ্গ বিযুক্ত করিবার জন্য লিখিত অনুমতি প্রদান করেন; অথবা

(গ) উক্ত ব্যক্তির মৃত্যুর চব্বিশ ঘন্টার মধ্যে যদি কেহ মৃতদেহ দাবী না করেন, তাহা হইলে-

(অ) মৃতদেহ কোন হাসপাতাল, ক্লিনিক বা অন্যবিধ চিকিৎসালয়ে থাকিলে উহার প্রশাসনিক কর্তৃত্ব পালনকারী ব্যক্তি; অথবা

(আ) মৃতদেহ অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা স্থানে থাকিলে উক্ত ব্যক্তি, প্রতিষ্ঠান বা স্থান যে জেলা প্রশাসকের প্রশাসনিক এখতিয়ারাধীন তিনি বা, ক্ষেত্রমত, তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যদি অনুরূপ বিযুক্তির জন্য লিখিত অনুমতি প্রদান করেন।

ব্রেইন ডেথ ঘোষণা

৫। (১) এই ধারার অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে, মেডিসিন নিউরোলজী অথবা ক্রিটিক্যাল কেয়ার মেডিসিনে বিশেষজ্ঞ নিম্নবর্ণিত পদমর্যাদার অন্যূন তিনজন চিকিৎসক যৌথভাবে কোন ব্যক্তির ব্রেইন ডেথ ঘোষণা করিতে পারিবেন, যথা:-

(ক) অধ্যাপক অথবা সহযোগী অধ্যাপক অথবা সমপদমর্যাদা সম্পন্ন চিকিৎসক; এবং

(খ) সহকারী অধ্যাপক অথবা সমপদমর্যাদা সম্পন্ন চিকিৎসক:

Copyright © Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার অধীন ব্রেইন ডেথ ঘোষণা প্রদানকারী চিকিৎসকগণের মধ্যে অন্যূন একজন দফা (ক) তে বর্ণিত পদমর্যাদার চিকিৎসক হইবেন:

আরও শর্ত থাকে যে, এই উপ-ধারার অধীন ব্রেইন ডেথ ঘোষণাকারী কোন চিকিৎসক কিংবা তাহার কোন নিকট আত্মীয় যে ব্যক্তির ব্রেইন ডেথ ঘোষণা করা হইবে তাহার অঙ্গ-প্রত্যঙ্গ অন্য কোন ব্যক্তির দেহে সংযোজন প্রক্রিয়ার সহিত কোনভাবে জড়িত থাকিতে পারিবেন না।

(২) নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ না হইলে, কোন ব্যক্তির ব্রেইন ডেথ ঘোষণা করা যাইবে না, যথাঃ-

(ক) উক্ত ব্যক্তিকে অন্যূন বার ঘণ্টা অবিরাম কোমা (Coma) অবস্থায় থাকিতে হইবে এবং কোমার কারণ অবশ্যই জ্ঞাত হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত কোন কারণে কোমা অবস্থার সৃষ্টি হইলে তাহা এই দফার উদ্দেশ্যে গ্রহণযোগ্য হইবে না, যথাঃ-

(অ) হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধের কারণে কোমা হইলে, যদি কোমা অবস্থায় ছত্রিশ ঘণ্টাকাল অতিবাহিত না হয়;

(আ) কোমার অব্যবহিত পূর্বে শরীরের স্বাভাবিক তাপমাত্রা ৩৫° সেলসিয়াসের নীচে হইলে; এবং

(ই) কোন ঔষধের কারণে কোমা অবস্থার সৃষ্টি হইলে;

(খ) কোমার পূর্বে কোন মেটাবোলিক বা এন্ডোক্রাইন জনিত কারণ থাকিলে তাহা সংশোধন করিতে হইবে;

(গ) উক্ত ব্যক্তির স্বাভাবিক শ্বাস-প্রশ্বাস থাকিবে না এবং ভেন্টিলেটরের মাধ্যমে তাহার শ্বাস-প্রশ্বাস সঞ্চালন করা হইবে;

(ঘ) উক্ত ব্যক্তির ব্রেইন স্টেম রিফ্লেক্স সম্পূর্ণভাবে অনুপস্থিত থাকিবে এবং তাহা নিম্নবর্ণিত অবস্থাসমূহ দ্বারা নিরূপিত হইবে, যথাঃ-

(অ) তাহার দুই চোখের মণি প্রসারিত ও স্থির (ডাইলেটেড এবং ফিক্সড) থাকিবে;

(আ) দুই চোখের কর্ণিয়ায় রিফ্লেক্স অনুপস্থিত থাকিবে;

(ই) যে কোন ধরণের বেদনাদায়ক স্পর্শে নড়া-চড়া সম্পূর্ণ বন্ধ থাকিবে;

(ঈ) অকূলো কেফালিক বা ডলস রিফ্লেক্স অনুপস্থিত থাকিবে;

(উ) ভেযটিবিউলো অকূলার রিফ্লেক্স অনুপস্থিত থাকিবে।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(৩) যদি উপ-ধারা (২) এ বর্ণিত অবস্থানসমূহ বিদ্যমান না থাকে তাহা হইলে নিম্নবর্ণিত পরীক্ষা দ্বারা ব্রেইন ডেথ নির্ণয় করা হইবে, যথাঃ-

(ক) ত্রিশ মিনিট ব্যাপী মস্তিষ্কের ইইজি পরীক্ষা অথবা মস্তিষ্কের এনজিওগ্রাম; এবং

(খ) এপনিয়া টেস্ট।

(৪) দুই বৎসর হইতে তের বৎসর বয়স্ক কোন শিশুর ব্রেইন ডেথ ঘোষণা করিতে হইলে সংশ্লিষ্ট শিশুটিকে ইইজি পরীক্ষা দ্বারা অন্যূন বার ঘণ্টা পর্যবেক্ষণ করিতে হইবে।

অঙ্গ-প্রত্যঙ্গ দাতা ও গ্রহীতার যোগ্যতা

৬। (১) কোন ব্যক্তির অঙ্গ-প্রত্যঙ্গ অন্য কোন ব্যক্তির দেহে সংযোজনযোগ্য হইবে না, যদি অঙ্গ-প্রত্যঙ্গ দাতার-

(ক) বয়স, মৃত ব্যক্তির ক্ষেত্রে, দুই বৎসরের কম অথবা পয়ঁষট্টি বৎসরের উর্ধ্বে হয় এবং জীবিত ব্যক্তির ক্ষেত্রে, আঠারো বৎসরের কম অথবা পঁয়ষট্টি বৎসরের উর্ধ্বে হয়;

(খ) সংশ্লিষ্ট অঙ্গ-প্রত্যঙ্গের কার্যকরতা কোন কারণে নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে;

(গ) দেহ নিম্নবর্ণিত যে কোন রোগে আক্রান্ত হয়, যথাঃ-

(অ) চর্ম অথবা মস্তিষ্কের প্রাইমারী ক্যান্সার ব্যতীত অন্য যে কোন ধরণের ক্যান্সার;

(আ) কিডনী সংক্রান্ত কোন রোগ;

(ই) এইচ, আই, ভি এবং হেপাটাইটিস ভাইরাসজনিত কোন রোগ;

(ঈ) মেলিগন্যান্ট হাইপারটেনশন;

(উ) ইনসুলিন নির্ভরশীল ডায়াবেটিস ম্যালাইটাস;

(ঊ) জীবাণু সংক্রমণজনিত কোন রোগ (আনট্রিটেড বা ইনএডিকুয়েটলি ট্রিটেড সিস্টেমিক ইনফেকশন)।

(২) যে ব্যক্তির দেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন করা হইবে তাহাকে-

(ক) দুই বৎসর হইতে সত্তর বৎসর বয়ঃসীমার মধ্যে হইতে হইবে, তবে পনের বৎসর হইতে পঞ্চাশ বৎসর পর্যন্ত বয়ঃসীমার ব্যক্তিগণ অগ্রাধিকার লাভ করিবেন;

(খ) যে সকল রোগের কারণে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজনের সাফল্য বিঘ্নিত হইতে পারে সেই সকল রোগ হইতে মুক্ত হইতে হইবে; এবং

(গ) মেডিকেল বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে যোগ্য বলিয়া ঘোষিত হইতে হইবে।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

মেডিকেল বোর্ড

৭। (১) এই আইনের অধীন অঙ্গ-প্রত্যঙ্গ সংগ্রহ ও সংযোজনের উদ্দেশ্যে সরকার অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজনকারী প্রত্যেক চিকিৎসা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ের নিম্নবর্ণিত চিকিৎসকগণের সমন্বয়ে একটি মেডিকেল বোর্ড গঠন করিবে, যথাঃ-

(ক) একজন অধ্যাপক, সহযোগী অধ্যাপক অথবা সমপদমর্যাদা সম্পন্ন কোন বিশেষজ্ঞ চিকিৎসক;

(খ) একজন সহকারী অধ্যাপক অথবা সমপদমর্যাদা সম্পন্ন কোন বিশেষজ্ঞ চিকিৎসক;

(গ) একজন কনসালটেন্ট অথবা সমপদমর্যাদা সম্পন্ন কোন বিশেষজ্ঞ চিকিৎসক।

(২) সরকার অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজনকারী প্রত্যেক চিকিৎসা প্রতিষ্ঠানে কর্মরত সংশ্লিষ্ট বিষয়ের কোন অধ্যাপক বা সহযোগী অধ্যাপক বা সমপদমর্যাদা সম্পন্ন কোন বিশেষজ্ঞ চিকিৎসককে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন সমন্বয়কারী নিয়োগ করিবে।

(৩) কোন ব্যক্তির ব্রেইন ডেথ ঘোষণা করা হইলে তৎসম্পর্কে উক্তরূপ ঘোষণাকারীগণ অবিলম্বে সংশ্লিষ্ট অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন সমন্বয়কারীকে অবহিত করিবেন এবং উক্ত সমন্বয়কারী মেডিকেল বোর্ডের মাধ্যমে অঙ্গ-প্রত্যঙ্গ সংগ্রহ ও সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

রেজিস্টার

৮। প্রত্যেক মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল, পোস্ট গ্র্যাজুয়েট চিকিৎসা ও গবেষণা ইনস্টিটিউট হাসপাতাল এবং গুরুতর আঘাতপ্রাপ্ত বা মরণাপন্ন রোগীদের চিকিৎসা করা হয় এইরূপ অন্যান্য চিকিৎসালয়ে নিম্নবর্ণিত তথ্যাবলী সম্বলিত একটি রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে, যথাঃ-

(ক) অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন গ্রহীতার রক্তের গ্রুপ ও টিস্যু টাইপসহ সকল প্রয়োজনীয় তথ্য;

(খ) অঙ্গ-প্রত্যঙ্গ দাতার রক্তের গ্রুপসহ তাহার নিজের ও আইনানুগ উত্তরাধিকারীর সকল প্রয়োজনীয় তথ্য।

অঙ্গ-প্রত্যঙ্গ ক্রয়-বিক্রয় ইত্যাদি নিষিদ্ধ

৯। মানব দেহের যে কোন অঙ্গ-প্রত্যঙ্গ ক্রয়-বিক্রয় বা উহার বিনিময়ে কোন প্রকার সুবিধা লাভ এবং সেই উদ্দেশ্যে কোন প্রকার বিজ্ঞাপন প্রদান বা অন্য কোনরূপ প্রচারণা সম্পূর্ণ নিষিদ্ধ।

দণ্ড

১০। (১) কোন ব্যক্তি এই আইনের কোন বিধান লংঘন করিলে অথবা লংঘনে সহায়তা করিলে তিনি অনুর্ধ্ব সাত বৎসর এবং অন্যূন তিন বৎসর মেয়াদী সশ্রম কারাদণ্ডে অথবা অন্যূন তিন লক্ষ টাকা অর্থদণ্ডে অথবা উভয় প্রকার দণ্ডে দণ্ডিত হইবেন।

Copyright © Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(২) কোন চিকিৎসক এই আইনের কোন বিধান লংঘন করিলে বা লংঘনে সহায়তা করিলে তিনি উপ-ধারা (১) এ বর্ণিত দণ্ডে দণ্ডিত হইবেন এবং ইহা ছাড়া চিকিৎসক হিসাবে তাহার রেজিস্ট্রেশন বাতিলযোগ্য হইবে।

(৩) এই আইনের অধীন কোন অপরাধের বিচারের ক্ষেত্রে Criminal Procedure Code, 1898 (V of 1898) প্রযোজ্য হইবে।

বিধি প্রণয়নের ক্ষমতা

১১। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.